

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক জুমু'আর পর দুই রাকাত সালাত ঘরে আদায় করা এমন বিষয় নয় যে, তা তিনি কেবল ঘরেই পড়েছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْمُصْنَطَفِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّكْعَتَيْنِ بَعْدَ الْجُمُعَةِ فِي بَيْتِهِ لَمْ يَكُنْ لِشَيْءٍ لَا يَرْكَعُهُمَا إِلَّا فِيهِ

আরবী

2475 - أَخْبَرَنَا أَبْنُ خُزِيمَةَ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ جَرِ السَّعْدِيُّ قَالَ: حَدَّثَنَا عَاصِمٌ بْنُ سُوِيدٍ عَنْ مُحَمَّدِ بْنِ مُوسَى بْنِ الْحَارِثِ عَنْ أَبِيهِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: أَتَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بْنِي عَمْرُو بْنِ عَوْفٍ يَوْمَ الْأَرْبَعَاءِ فَقَالَ: (لَوْ أَنَّكُمْ إِذَا جِئْتُمْ عِيْدَكُمْ هَذَا مَكَثْتُمْ حَتَّى تَسْمَعُوا مِنْ قَوْلِي) قَالُوا: نَعَمْ بِاَبَائِنَا أَنْتَ يَا رَسُولَ اللَّهِ! وَأَمْهَاتِنَا قَالَ: فَلَمَّا حَضَرُوا الْجُمُعَةَ صَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْجُمُعَةَ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ بَعْدَ الْجُمُعَةِ فِي الْمَسْجِدِ وَلَمْ يُرْ يُصَلِّي بَعْدَ الْجُمُعَةِ رَكْعَتَيْنِ فِي الْمَسْجِدِ وَكَانَ يَنْصَرِفُ إِلَى بَيْتِهِ قَبْلَ ذَلِكَ الْيَوْمِ.

الراوي : جابر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2475 | خلاصة حكم المحدث: ضعيف . ((التعليق على ابن خزيمة)) (1872), ((تيسير الإنفاع)) / محمد بن موسى, ((الضعف)) (6934).

বাংলা

২৪৭৫. জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক বুধবার বানু আমার বিন আওফ গোত্রে আসেন। অতঃপর তিনি বলেন, “যখন তোমরা তোমাদের এই ঈদের দিন এখানে সমবেত হবে, তখন যদি তোমরা অবস্থান করতে, যাতে তোমরা আমার কথা শুনতে পাও (তবে সেটা কতইনা ভালো হতো)।” তারা জবাবে বলেন, “জ্বী, হাঁ। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার জন্য আমাদের বাবা-মা কুরবান হোক!”

রাবী বলেন, “অতঃপর যখন তারা জুমু‘আয় উপস্থিত হয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে জুমু‘আর সালাত আদায় করেন। তারপর তিনি জুমু‘আর পর দুই রাকা‘আত সালাত মাসজিদে আদায় করেন। আর তাঁকে জুমু‘আর পর দুই রাকা‘আত সালাত মাসজিদে আদায় করতে দেখা যায়নি। সেই দিনের আগে তিনি এর আগেই (অর্থাৎ জুমু‘আর পর দুই রাকা‘আত সালাত মাসজিদে আদায় করার আগেই) বাড়িতে চলে যেতেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১৮৭২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঙ্গফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঙ্গফ বলেছেন। (আয় যঙ্গফা: ৬৯৩৪)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91801>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন